নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ-বিজ্ঞপ্তি/২০২৬/২৪০০ ১২ জানুয়ারি ২০২৬

<u>সংবাদ বিজ্ঞপ্তি</u>

# নোবিপ্রবির সম্মুখসড়ক চার লেনে উন্নীতকরণ বিষয়ক অংশীজন সভা

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) সম্মুখসড়ক চার লেনে উন্নীতকরণ বিষয়ক অংশীজন সভা অনুষ্ঠিত হয়েছে। আজ সোমবার (১২ জানুয়ারি ২০২৬) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের সভাকক্ষে এ সভা আয়োজিত হয়।

'সোনাপুর হতে নোবিপ্রবি (বাংলাবাজার) সড়কাংশ ৪ লেনে উন্নীতকরণসহ বাংলাবাজার সুবর্ণচর উপজেলা হেডকোয়ার্টার সড়ক (জেড ১৪৫১) যথাযথ মানে উন্নয়ন' শীর্ষক প্রকল্পের পরিবেশের অবস্থানগত ছাড়পত্র প্রদানের লক্ষ্যে বর্ণিত প্রকল্পের পরিকল্পনা, বাস্তবায়ন এবং পরিবীক্ষণ কার্যক্রমের অংশ হিসেবে উক্ত সভা আয়োজন করা হয়। এতে সভাপতিত্ব করেন নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

সভায় সভাপতির বক্তব্যে নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, আমাদের বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী ও কর্মকর্তা, কর্মচারীসহ এলাকাবাসীদের চলাচল নির্বিঘ্ন করতে বিশ্ববিদ্যালয় সংলগ্ন সড়কটি চার লেনে উন্নীত করার গুরুত্ব অপরিসীম। এ কাজে বিশ্ববিদ্যালয় পক্ষ থেকে সড়ক বিভাগের সঙ্গে সকল প্রকার সহযোগিতা করা হবে। এছাড়াও এ কাজে পরিবেশের ভারসাম্য যাতে অক্ষুণ্ন থাকে সেই বিষয়ে বিশেষভাবে নজর রাখা হবে। খাল ন্যাচারাল হোক বা আর্টিফিশিয়াল হোক সেটি থাকাটা খুব গুরুত্বপূর্ণ। তাই সড়ক সংলগ্ন খালটি স্বস্থানে রেখেই প্রকল্পের কাজ এগিয়ে নেওয়ার জন্য সড়ক বিভাগ নোয়াখালীর প্রতি আহ্বান জানাই। এ সময় সড়কের নান্দনিকতা বজায় রেখে পার্শ্ববর্তী খালকে ক্ষতিগ্রস্ত না করে দৃষ্টিনন্দন করে গড়ে তোলার পরামর্শ দেন নোবিপ্রবি উপাচার্য।

সভায় প্রধান আলোচক হিসেবে ছিলেন সড়ক ও জনপদ অধিদপ্তরের সড়ক বিভাগ, নোয়াখালীর নির্বাহী প্রকৌশলী জনাব মো. ফরিদ উদ্দিন। তিনি আলোচনার শুরুতেই প্রকল্পের বিবরণ সংক্রান্ত পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করেন। পরে সভার প্রশ্নোত্তর পর্বে তিনি অতিথিদের প্রশ্নের জবাবে সড়কে শিক্ষার্থীদের চলাচলের সুবিধার্থে পর্যাপ্ত ফুট ওভার ব্রিজ, ফুটপাথ এবং ল্যাম্পপোস্টের ব্যবস্থা রাখা হবে বলে জানান। এছাড়াও রাস্তা সংলগ্ন খাল সংস্কারের পাশাপাশি পর্যাপ্ত ড্রেইনেজ ব্যবস্থা নিশ্চিত করার কথা বলেন তিনি।

বিশেষ আলোচক হিসেবে বক্তব্য রাখেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য ড. মোহাম্মদ রেজওয়ানুল হক ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ। এছাড়াও সভায় উপস্থিত ছিলেন রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) মোহাম্মদ তামজিদ হোছাইন চৌধুরী, জনসংযোগ ও প্রকাশনা দপ্তরের পরিচালক (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. গাজী মো. মহসিন, নোয়াখালীর সুবর্ণচর উপজেলার নির্বাহী অফিসার জনাব আকিব ওসমান ও নোয়াখালী পরিবেশ অধিদপ্তরের উপ-পরিচালক মোসাম্মৎ শওকত আরা কলিসহ স্থানীয় অংশীজনবৃন্দ।

উল্লেখ্য, সভায় নোবিপ্রবির বিভিন্ন বিভাগের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও সাংবাদিকবৃন্দ অংশ নেয়।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪